গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(রাজস্ব শাখা)
www.narsingdi.gov.bd

স্মারক নম্বর ৩১.৩০.৬৮০০.১০৭.৯৯.০১১.২২-২২৪ তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯ / ০২ মার্চ ২০২৩

বালুমহাল ইজারা বিজ্ঞপ্তি

নরসিংদী জেলার নিম্নবর্ণিত বালুমহালটি "বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০" এবং ভূমি মন্ত্রণালয়ের ২২.০৩.১১ খ্রি: তারিখের ভূমি/শা/০৩/বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধি-১৭/২০১০ (অংশ)-১৫৩ নং স্মারক মোতাবেক নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে ১ম, ২য় ও ৩য় দরপত্র আহবান করা যাচ্ছে। **উল্লেখ্য যে, ১ম দরপত্রে বালুমহালের দর গৃহীত হলে পরবর্তী দরপত্র দাখিলের প্রয়োজন হবে না।** বালুমহালটির তফসিল নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রমিক | উপজেলার নাম | বালুমহালের নাম | বালুমহালের তফসিল (মৌজা/এলাকা/আয়তন/পরিমানসহ) | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | নরসিংদী সদর | মেঘনা নদী বালুমহাল দিলারপুর, নরসিংদী সদর, নরসিংদী | মৌজা: দিলারপুর. আর এস ২৮৬১১ দাগে পরিমান ২৭.২২ একর বাহেরচর দক্ষিন পশ্চিম অংশে নদীর পশ্চিম পাড় হতে ৬০০ মিটার দূরবর্তী স্থানটিতে ৫ ফুট গভীরতা | ৬০,০০,৫০০/- | |

দরপত্র ক্রয় ও জমার সিডিউল নিম্নে প্রদান করা হলো।

১ম দরপত্র:

| দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমার তারিখ ও সময় | দরপত্র ক্রয়ের স্থান | দরপত্র জমার স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২.০৩.২০২৩ খ্রি: তারিখ হতে ১৪.০৩.২০২২ তারিখ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১৬.০৩.২৩ খ্রি: সকাল ৯.০০ টা হতে ৩.০০ টা পর্যন্ত | (০১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা। (০২) জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর | জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী | ১৬.০৩.২০২৩ খ্রি:, বিকাল ৩.৩০ টা | |

২য় দরপত্র:

| দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমার তারিখ ও সময় | দরপত্র ক্রয়ের স্থান | দরপত্র জমার স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৯.০৩.২০২৩ খ্রি: তারিখ হতে ২১.০৩.২০২৩ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৩.০৩.২০২৩ খ্রি: সকাল ৯.০০ টা হতে ৩.০০ টা | (০১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা। (০২) জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর | জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী | ২৩.০৩.২০২৩ খ্রি:, বিকাল ৩.৩০ টা | |

৩য় দরপত্র:

| দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র জমার তারিখ ও সময় | দরপত্র ক্রয়ের স্থান | দরপত্র জমার স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৮.০৩.২৩ খ্রি: তারিখ হতে ৩০.০৩.২০২৩ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০২.০৪.২০২৩ খ্রি: সকাল ৯.০০ টা হতে ৩.০০ টা | (০১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা। (০২) জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর | জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী | ০২.০৪.২০২৩ খ্রি:, বিকাল ৩.৩০ টা | |

ধার্য তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) দরপত্র খোলা হবে। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত তথ্য সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের শর্তাবলী দরপত্র ক্রয়ের স্থানে ও জেলা প্রশাসকের ওয়েবসাইট www.narsingdi.gov.bd এ ব্রাউজ করে জানা যাবে।

শর্তাবলী:

০১। জেলা প্রশাসক, নরসিংদী বরাবর ১০০০/- (এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা/ জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (রাজস্ব শাখা) ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর, নরসিংদী কার্যালয় হতে নির্ধারিত আবেদন ফরম (সিডিউল) সংগ্রহ করতে হবে।

০২। জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী হতে তালিকাভূক্ত ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান ইজারা দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।

০৩। বালুমহালের জন্য উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না ।

০৪। দরপত্রে উদ্ধৃত্ত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, নরসিংদী বরাবর যে কোন সিডিউল ব্যাংক হতে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে।

০৫। ট্রেড লাইসেন্স ( হালনাগাদ নবায়নকৃত) টি আই এন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র এবং সিডিউল ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ পত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। গৃহীত দরপত্রের দরদাতাকে ইজারামূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।

০৭। বালুমহালের দখল হস্তান্তরের পূর্বে বালুমহাল হতে কোন প্রকার বালু উত্তোলন করা যাবে না। ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের ১০ (দশ) দিনের মধ্যে ইজারাগ্রহীতাকে নিজ দায়িত্বে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

০৮। বালুমহালের আয়তন কমবেশী হতে পারে। সরেজমিনে আয়তনের তারতম্য নিয়ে কোন আপত্তি করা যাবে না।

০৯। **কোনক্রমেই ইজারাকৃত বালুমহাল সাব-লীজ প্রদান করা যাবে না।**

১০। নির্ধারিত সীমানার বাহিরে কোনো বালু উত্তোলন করা যাবে না। ইজারাদার সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত বালু উত্তোলন করতে পারবেন।

১১। বালু উত্তোলনের সময় স্থানীয় জনগণের জায়গা জমি কোনভাবেই ক্ষতিগ্রস্থ করা যাবে না এবং ক্ষতির সম্মুখীন হলে নিজ উদ্যোগে তা সমাধান করতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় দরপত্র বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। নৌ-পরিবহন ও অন্যান্য মালবাহী নৌযান চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

১৪। **বছরের যে কোন সময় হতে ইজারা প্রদান করা হোক না কেন ইজারার মেয়াদ ৩০ শে চৈত্র ১৪৩০ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে ।**

১৫। ভুল, মিথ্যা তথ্য সংবলিত ও অসম্পুর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। উপরোক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৭। বালু উত্তোলনের ফলে সরকারি কোন সম্পত্তির ক্ষতি সাধিত হলে ক্ষতিপূরণ আদায়সহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। বালুমহাল দখল গ্রহণের পূর্বেই পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করে প্রদত্ত শর্তাদি পালন করতে হবে।

১৯। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর সকল শর্ত প্রযোজ্য হবে।

০২.০৩.২৬

আবু নইম মোহাম্মদ মারুফ খান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, নরসিংদী
ফোন নম্বর +৮৮০২৯৪২৫০০
ফ্যাক্স নম্বর: +৮৮০৯৪৬৪৪৩৩
ই-মেইল: dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নম্বর ৩১.৩০.৬৮০০.১০৭.৯৯.০১১.২২-২২৪ তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯ / ০২ মার্চ ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৪। পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা
০৫। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুন বাগিচা, ঢাকা
০৬। পুলিশ সুপার, নরসিংদী
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী
০৮। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নরসিংদী
০৯। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নরসিংদী
১০। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী
১১। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নরসিংদী
১২। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী
১৩। অফিস কপি

02.03.23

জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
নরসিংদী